



ওসির সামনেই সেকেন্ড অফিসারকে ‘দুর্নীতিবাজ’ বললেন এমপি হাসনাত



হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

কুমিল্লার দেবিদ্বারে আইনশৃঙ্খলা কমিটির সভায় থানার ভেতরের দুর্নীতি ও দালাল চক্র নিয়ে প্রকাশ্যে স্ফোভ প্রকাশ করেছেন কুমিল্লা-৪ আসনের সংসদ সদস্য ও এনসিপির নেতা হাসনাত আব্দুল্লাহ। ওসির সামনেই তিনি থানার সেকেন্ড অফিসারকে ‘পুরোপুরি দুর্নীতিবাজ’ আখ্যা দিয়ে থানা দালালমুক্ত করার নির্দেশ দেন। বুধবার দুপুরে উপজেলা পরিষদ হলরুমে আয়োজিত সভায় তিনি অভিযোগ করেন, ওসি আন্তরিক হলেও কিছু কর্মকর্তা ঘুষ ছাড়া নড়েন না। নির্দিষ্ট কয়েকজনের বিরুদ্ধে টাকা ছাড়া কাজ না করা, অভিযানে গেলে আগাম খবর ফাঁস করে দেওয়ার মতো গুরুতর অভিযোগও তোলেন তিনি। পাশাপাশি ‘হেলাল’ নামে এক ব্যক্তির মাধ্যমে থানার কার্যক্রম প্রভাবিত হচ্ছে বলেও দাবি করেন এমপি।

হাসনাত আব্দুল্লাহ বলেন, সাধারণ মানুষ সরাসরি থানায় যেতে ভয় পায়, মাঝখানে অচাকরিজীবী দালাল চক্র সক্রিয়। তিনি ওসিকে কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়ে বলেন, থানায় যেন কোনো অনানুষ্ঠানিক সিডিকেট না থাকে এবং সেবা পেতে মানুষ সরাসরি পুলিশের কাছে যেতে পারে। সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা রাকিবুল ইসলামের সভাপতিত্বে বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।